

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

8 OCTOBER 2026

7:45—7:55PM

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার শোণিতপুর জেলায় উত্তর-পূর্বাঞ্চলের প্রথম টাইলস নির্মান প্রতিষ্ঠানের সূচনা ।

২) আগামীকাল সকাল ৮টা থেকে নগাও লোকসভা আসনের উপনির্বাচনের ভোটগণনা / রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের ভোটগণনার প্রস্তুতি পর্যালোচনা ।

৩) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের ২০২৭ সালের মাধ্যমিক শিক্ষান্ত পরীক্ষার অনলাইন প্রপত্র পূরণের দিন ঘোষণা ।

এবং

৪) হাইলাকান্দি জেলা প্রশাসনের লালা থানার অধীন তিনআলি অঞ্চলের সরকারী জমি দখলমুক্ত করার পদক্ষেপ ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ শোণিতপুর জেলার দীঘলীচাপরিতে উত্তর-পূর্বাঞ্চলের প্রথম টাইলস নির্মান প্রতিষ্ঠানের উদ্বোধন করেছেন । এর উদ্বোধন করে ডক্টর শর্মা বলেন যে প্রায় ১শো ৫০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে নির্মান করা এই প্রতিষ্ঠানটি হচ্ছে উত্তর-পূর্বাঞ্চলের প্রথম গ্লোজড ভিট্রিফাইড টাইলস উৎপাদন প্রকল্প । এই প্রতিষ্ঠানটিতে কম করে ৩শো ২৫ জন লোককে প্রত্যক্ষ এবং সহস্রাধিক লোককে পরোক্ষভাবে কর্মসংস্থান দেওয়া সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন । এছাড়াও সমগ্র আসামের কাঁচামাল , দক্ষতা এবং যুবশক্তিকে সংযুক্ত করে স্থানীয়ভাবে মূল্য সংযোজিত সামগ্রী উৎপাদনের এই ব্যবস্থা সমগ্র রাজ্যের ক্ষুদ্র ব্যবসায়ীকে নতুন গতি প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন । এছাড়াও এই প্রতিষ্ঠান গুজরাটে কর্মরত দক্ষ

আসামের যুবকদের পুনরায় নিজ রাজ্যে ফিরিয়ে আনতে সমর্থ হবে বলেও ডক্টর শর্মা উল্লেখ করেন । তিনি বলেন যে আসামের সম্পদ , প্রতিভা এবং শিল্পায়নকে একত্রিত করে আত্মনির্ভর আসাম গড়ার পথে এটি একটি শক্তিশালী পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর যশোভূমিতে ইন্ডিয়া মোবাইল কংগ্রেসের দশম পর্বের উদ্বোধন করেছেন । চারদিনব্যাপী এই সম্মেলনে টেলিযোগাযোগ , ডিজিটাল সংযোগ ও প্রযুক্তিগত উদ্ভাবনে ভারতের অগ্রগতি তুলে ধরা হবে । এবারের এই সম্মেলনের মূল ভাবনা হচ্ছে সীমাহীন পরিসরে প্রসার ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে দেশের প্রতিটি জেলায় ফাইব-জি পরিষেবা পৌঁছে দেওয়া হয়েছে । বর্তমানে সমগ্র দেশে ফাইব-জি পরিষেবা চালানোর জন্য সাড়ে পাঁচ লক্ষেরও বেশি বেজ স্টেশন রয়েছে ।

কেন্দ্রীয় যোগাযোগমন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া বলেন যে প্রযুক্তির সুবিধা দেশের প্রত্যেক নাগরিকের কাছে পৌঁছে দিতে নরেন্দ্র মোদী সরকার জনসাধারণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ । তিনি বলেন যে ২০১৪ সালে এক জি-বি ডেটার মূল্য ছিল ২শো ৬৮ টাকা । বর্তমানে তা কমে হয়েছে প্রায় ৮ টাকা । ফাইব-জি সেবার দ্রুত প্রসারে টেলিকম শিল্পের সঙ্গে যুক্ত সবার অবদানেরও তিনি প্রশংসা করেন । বর্তমানে ভারতে ৫৫ কোটি ফাইব-জি ব্যবহারকারী রয়েছেন বলেও কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।

নগাঁও লোকসভা আসনের উপনির্বাচনের ভোটগণনা আগামীকাল অনুষ্ঠিত হবে । ভোটগণনা প্রক্রিয়ার প্রস্তুতির পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আজ নগাঁও সফর করেন । শ্রী গোয়েল জেলা আয়ুক্ত তথা রিটার্নিং আধিকারিক অরুণ্যক শইকীয়ার সঙ্গে উপনির্বাচনের জন্য নগাঁও শহরে স্থাপন করা দুটি ষ্ট্রংরুম সহ ভোট গণনা কক্ষের ব্যবস্থাপনা , নিরাপত্তা ব্যবস্থা ইত্যাদি পর্যবেক্ষণ করেন । পরে শ্রী গোয়েল সাংবাদিকদের জানান যে আগামীকাল সকাল ৮টা থেকে নগাঁওয়ের ১টি এবং মরিগাওয়ের ১টি স্থানে ভোটগণনা প্রক্রিয়া শুরু হবে ।

গৌহাটিতে আগামীকাল সামর্থ বর্ধন আয়োগের সাধনা শৃঙ্খলা - ২০২৬এর দ্বিতীয় আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হবে । এই কর্মশালায় উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের প্রতিনিধি সহ বিভিন্ন পক্ষ অংশ গ্রহণ করবেন । কর্মশালায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহের

বাস্তাবায়ন ছাড়াও এই অঞ্চলের সামর্থ বর্ধন সমস্যা শক্তিশালী করা সহ প্রয়োজনীয় গৃহিত ব্যবস্থা সম্পর্কে বিষদ আলোচনা করা হবে। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আগামীকাল এই কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। জাতীয় অসামরিক সেবা সামর্থ বর্ধন কর্মসূচির অংশ হিসেবে সামর্থ বর্ধন আয়োগ সাধনা শৃঙ্খলার আয়োজন করে আসছে। এর মাধ্যমে অসামরিক সেবার প্রশিক্ষণ, প্রতিষ্ঠান সমূহের গণসেবার পরিবর্তিত সামর্থ এবং দক্ষতা গড়ে তোলার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আগামী ১৬ অক্টোবর ব্যাঙ্গালুরুতে নবনির্মিত আসাম ভবনের উদ্বোধন করবেন। বিজ্ঞান, প্রযুক্তি, জলবায়ু পরিবর্তন তথা সাধারণ প্রশাসন বিভাগের মন্ত্রী কেশব মহন্ত গতকাল ব্যাঙ্গালুরুতে আয়োজিত এক বৈঠকে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন। বৈঠকে আসামের সাধারণ প্রশাসন বিভাগের সচিব যতীন বরা, ব্যাঙ্গালুরুর আসাম ভবনের ভারপ্রাপ্ত যুগ্ম আবাসিক আয়ুক্ত রঞ্জিত কুমার দাম, সাধারণ প্রশাসন বিভাগের উপ-সচিব এম এ বরভূইয়া ছাড়াও অন্যান্য বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন।

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ রাজ্যের আগামী মাধ্যমিক পরীক্ষার অনলাইন প্রপত্র পূরণের দিন ঘোষণা করেছে। এই সম্পর্কে বিদ্যালয় শিক্ষা পর্ষদের সচিবের পক্ষ থেকে আজ জারি করা বিজ্ঞপ্তি অনুসারে আগামী বারোই অক্টোবর থেকে **sebaregistration.org** এই অনলাইন পোর্টালের মাধ্যমে মাধ্যমিক পরীক্ষার প্রপত্র পূরণ প্রক্রিয়া আরম্ভ হবে। এবং আগামী দশই নভেম্বর এই প্রক্রিয়া শেষ হবে। এরপর বিদ্যালয় সমূহ আগামী বারোই নভেম্বর পর্যন্ত অনলাইন মাশুল জমা দিতে পারবে। অনুরূপভাবে ব্যাংকের মাধ্যমে চালান জমা দেওয়ার শেষ দিন আগামী ১৬ই নভেম্বর ধার্য করা হয়েছে। প্রপত্র পূরণের ক্ষেত্রে কোনো ভুল থাকলে তা শোধরানোর জন্য আগামী ১৯শে নভেম্বর পর্যন্ত আবেদন করা যাবে। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা অনুযায়ী মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ হতে চাওয়া ছাত্রছাত্রীদের আভ্যন্তরীণ মূল্যায়নের নম্বর অর্ন্তভুক্তির জন্য আগামী ১৪ই ডিসেম্বর পর্যন্ত পোর্টাল খোলা থাকবে।

এদিকে রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অপর এক বিজ্ঞপ্তির মাধ্যমে মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ হতে চাওয়া ছাত্রছাত্রীদের জন্যে মাশুলের হার ধার্য করা হয়েছে। সেই অনুসারে পরীক্ষার মাশুল- সাতশো টাকা, প্র্যাক্টিক্যাল পরীক্ষার মাশুল- ১৫০ টাকা এবং পরীক্ষা কেন্দ্রের মাশুল বাবদ ৩৫০ টাকা করে নির্ধারণ করা হয়েছে। অবশ্য

সরকারের নির্দেশনা অনুসারে যেসব শিক্ষার্থীর পিতা-মাতার বার্ষিক আয় চার লক্ষ টাকারও কম, তাদের জন্যে মাশুল রেহাইয়ের ব্যবস্থা থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

হাইলাকান্দি জেলা প্রশাসন জেলায় সরকারী জমি দখলমুক্ত করার পদক্ষেপ গ্রহণ করেছে । এই উদ্দেশ্যে আজ হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস এবং জেলা আয়ুক্ত জয় বিকাশ লালা থানার অধীন তিনআলি অঞ্চল পরিদর্শন করে জরিপকার্য চালান । উল্লেখ্য যে এই অঞ্চলে সরকারী জমি দখল করার ফলে সড়ক নির্মাণ কার্য বাধাপ্রাপ্ত হচ্ছে । ওই অঞ্চলে একাংশ লোক সরকারী জমি দখল করে দোকান-পাট এবং বাসগৃহ স্থাপন করে বসবাস করছে বলে অভিযোগ করা হয়েছে । অঞ্চলটি পরিদর্শনকালে বিধায়ক ডক্টর দাস এবং জেলা আয়ুক্ত জয় বিকাশ স্থানীয় লোকেদের সাথে বিষয়টি নিয়ে মত বিনিময় করে সরকারী জমি দখল করার পরিণতি সম্পর্কে তাদের অবগত করেন । এছাড়াও সরকারের উন্নয়ন মূলক কাজের স্বার্থে অবিলম্বে ওই অঞ্চল দখলমুক্ত করতেও তারা আহ্বান জানান । পরে বিধায়ক ডক্টর দাস সাংবাদিকদের জানান যে নির্মীয়মান এই সড়কটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সড়ক । সড়কটি আয়নাখাল অঞ্চলকে ৬ নম্বর জাতীয় সড়কের সঙ্গে যুক্ত করবে এছাড়াও ওই অঞ্চলে একটি ফ্লাইঅভার নির্মাণ করারও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান ।

বাইট)

বিখ্যাত অভিনেতা নানা পাটেকর আজ ভোরে গোয়া'য় নিজ বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল- ৭৫ বছর । আজ ভোরের দিকে হঠাৎ বুকের ব্যাথায় সংজ্ঞা হারানোর পর তাঁকে তৎক্ষণাৎ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা প্রায় ৪৫ মিনিট ধরে তাঁর জীবন রক্ষার চেষ্টা চালালেও সাড়া না দেওয়ায় তাঁকে মৃত ঘোষণা করা হয় । ভারতীয় চলচ্চিত্র জগতের প্রথমসারির এবং প্রতিভা সম্পন্ন অভিনেতা নানা পাটেকর হিন্দি ও মারাঠী চলচ্চিত্রে কয়েক দশক জুড়ে তাঁর অভিনয়ের মাধ্যমে বিপুল জনপ্রিয়তা অর্জন করে এসেছেন ।

১৯৫১ সালের পয়লা জানুয়ারি জন্মগ্রহণ করা এই অভিনেতা এবং চলচ্চিত্র নির্মাতা নিজের শক্তিশালী সংলাপ প্রক্ষেপণ এবং অতুলনীয় অভিনয় শৈলী দিয়ে প্রথম থেকেই দর্শকদের মন জয় করেছিলেন । তিনটি জাতীয় চলচ্চিত্র পুরস্কার, চারটি ফিল্ম

ফেয়ার সম্মাননায় ভূষিত নানা পাটেকরকে ২০১৩ সালে পদ্মশ্রী পুরস্কারে সম্মানিত করা হয়। নাট্যাভিনয়ের সঙ্গে জড়িত নানা পাটেকর মারাঠী চলচ্চিত্রের মাধ্যমে তাঁর অভিনয় জীবন শুরু করেন। এবং ১৯৮৮ ডালে অ্যাকাডেমি পুরস্কারের জন্য মনোনীত ‘সালাম বোস্বে’ ছবিতে অভিনয় করে শ্রেষ্ঠ সহশিল্পী হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন। পরিন্দা, ক্রান্তিবীর, খামোশী দ্য মিউজিক্যাল, অব তক ছাপ্পান, অপহরণ, রাজনীতি সহ বেশকয়েকটি চলচ্চিত্রে অভিনয় করে তিনি দর্শকদের সম্পূর্ণ অন্যধরণের অভিজ্ঞতার সঙ্গে পরিচিত করেছিলেন।

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু হিন্দি ও মারাঠী চলচ্চিত্রের এই যশস্বী অভিনেতার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। এক বার্তায় শ্রীমতি মুর্মু বলেছেন যে- নিজের অতুলনীয় অভিনয় দক্ষতা এবং গভীর মননের দ্বারা নানা পাটেকর দর্শকদের মানবিক উপলব্ধি প্রদান করতে সমর্থ হয়েছিলেন। তাঁর প্রয়াণ ভারতীয় চলচ্চিত্র জগতের জন্য অপূরণীয় ক্ষতি বলে রাষ্ট্রপতি অভিহিত করেছেন।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণও নানা পাটেকরের প্রয়াণে শোক প্রকাশ করেছেন। বহুমুখী প্রতিভার অধিকারী এই শিল্পী নিজের অভিনয় প্রতিভা ও কর্মের মাধ্যমে চলচ্চিত্র প্রেমীদের পাশাপাশি ভবিষ্যতের বহু প্রজন্মকে অনুপ্রাণিত করবেন বলে মন্তব্য করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিখ্যাত অভিনেতার বিয়োণে গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন যে- খুব কম সংখ্যক অভিনেতাই গভীরতার সঙ্গে অভিনয়কে উপলব্ধি করেন এবং নিজের স্বকীয়তার মাধ্যমে দর্শকদের মনে স্থান করে নেন। এই অভিনেতার অভিনীত প্রতিটি চরিত্রই নিজের অনন্য প্রতিভাকে জীবন্ত করে তুলেছে বলে তিনি মন্তব্য করেছেন।

আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মাও তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। অসাধারণ কণ্ঠ এবং দুর্দান্ত অভিনয়ের মাধ্যমে নানা পাটেকরের অভিনয় জগতের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেছেন।

শ্রীভূমি জেলায় সেবা সংকল্প অভিযানের অধীনে আগামীকাল ছাত্র-ছাত্রীদের মধ্যে জেলা পর্যায়ে বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। শ্রীভূমি জেলার বিদ্যালয় সমূহের পরিদর্শক

তথা জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক ও জেলা পর্যায়ের সেবা সংকল্প অভিযানের সদস্য সচিব জানিয়েছেন যে আগামীকাল বেলা ১১টা থেকে শ্রীভূমি শহরের রবীন্দ্র সদন মহিলা কলেজে সেবা সংকল্প অভিযানের আঙ্গ হিসেবে এই বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ।
